# ২০২৫
# বাংলা
## (প্রোগ্রাম)
## ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)
## ষষ্ঠ সেমেস্টার
## কোর্স কোড : BENG-G-DSE-T-2
## (বাংলা রূপকথা, শিশুকিশোর ও গোয়েন্দা সাহিত্য)
## [পুরাতন পাঠক্রম]

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) হিরণ্যকশিপুর পুত্রের নাম কী ছিল? সে কোন্ দেবতার ভক্ত ছিল?

খ) "প্রভু যদি তুষ্ট হইয়া থাকেন তবে দয়া করিয়া আমাকে গঙ্গা আনিবার উপায় করিয়া দিন" — গঙ্গা আনিবার উপায় সম্পর্কে কে, কী বলেছিল?

গ) 'সেটা তার অত্যন্ত প্রিয়' — কার, কোন্ জিনিস কেন অত্যন্ত প্রিয় ছিল?

(পরের পাতায়)

ঘ) "কথাটা যেন ভদ্রলোকের বিশ্বাসই হচ্ছে না" — ভদ্রলোকটি কে? কোন্ কথা তার বিশ্বাস হয় নি?

ঙ) 'সাত ভাই চম্পা' গল্পে রাজার কতজন রাণী ছিল? তিনি কোন্ রাণীকে সব থেকে বেশি ভালোবাসতেন এবং কেন?

চ) "রাজার মনের আনন্দ ধরে না" — রাজার এইরকম অনুভূতির কারণ কী? এই আনন্দে তাঁর ঘোষণা কী ছিল?

ছ) পাঁচু মামার পকেটের রুমালের রং কী ছিল ? পাঁচু মামাকে স্টেশনে কে আনতে এসেছিল?

জ) 'গন্ধবিচার' কবিতায় রাজামশাই গন্ধ পেয়ে মন্ত্রীকে কী জিজ্ঞাসা করেছিলেন? মন্ত্রীর উত্তর কী ছিল?

ঝ) "দুই রাজা সুখে কাল কাটাইতে লাগিলেন" — 'নীলকমল আর লালকমল' গল্পে কাদের নিয়ে দুই রাজা সুখে কাল কাটাতে লাগলেন?

ঞ) "চমকিয়া রাজা তলোয়ার নিয়া উঠিলেন" — কোন্ গল্প থেকে নেওয়া হয়েছে? রাজা চমকে উঠে কী দেখলেন?

ট) প্রোফেসর শঙ্কুর বাড়িতে আগত লোকটির নাম কী ? তিনি কোথায় চাকরি করতেন?

ঠ) ফেলুদা মনিমোহনবাবুর কাছ থেকে দুদিন সময় চেয়ে নিয়েছিলেন কেন?

ড) 'খিচুড়ি' কবিতায় গিরগিটি কেমন দেখতে ছিল? তার মনে শঙ্কা থাকার কারণ কী?

ঢ) প্রোফেসর শঙ্কু সকালে কোথায় বেড়াতে যান? তিনি ডাক্তার দেখানোর জন্য কত টাকা দিয়েছিলেন?

ণ) সমুদ্রমন্থন করার প্রয়োজন হয়েছিল কেন?



২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) "কিন্তু তাহা সত্ত্বেও মাঝে মাঝে এক একজন লোক ইন্দ্র হইয়া যাইত" — এমন দুটি লোকের পরিচয় দাও যারা ইন্দ্র হয়ে উঠেছিল এবং তাদের পরিণতি কি হয়েছিল?

খ) "বর্মিবাক্স পাওয়া যাচ্ছে না" — কোন্ প্রসঙ্গে এমন উক্তি করা হয়েছে? এরপর ঘটনা কী হয়েছিল সংক্ষেপে লেখো।

গ) শিয়াল পণ্ডিত কুমিরকে কীভাবে বোকা বানিয়েছিল তা গল্প অবলম্বনে লেখো।

ঘ) "অর্থাৎ এও আপনাদের একটা ফ্যামিলি নাটক" — কোন্ প্রসঙ্গে ফেলুদা এই কথাটি বলেছেন? নাটক সম্পর্কে কী জানা যায়?

ঙ) "পৃথিবীর ইতিহাসে খোকার এই ঘটনা একেবারে অনন্য ও অভূতপূর্ব এ বিষয়ে আমার কোন সন্দেহ নেই," — অভূতপূর্ব ঘটনাগুলির বর্ণনা দাও।

চ) "একবার দেখে যাও ডাক্তারি কেরামৎ" — কোন্ কবিতার অংশ? বক্তা ডাক্তারির কেরামৎ দেখাতে চেয়েছেন কীভাবে?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) রূপকথার গল্প হিসেবে 'সাত ভাই চম্পা' কতখানি আদরণীয় তা বিশ্লেষণ করো।

খ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পে হাস্যরস কতখানি চমকপ্রদ তা সংক্ষেপে ব্যাখ্যা করো।

গ) 'খিচুড়ি' কবিতাটির অভিনবত্ব বিচার করো।

ঘ) ‘প্রোফেসর শঙ্কু ও খোকা’ গল্পে কল্পবিজ্ঞানের স্বাদ কতটা পাওয়া যায় তা খোকা চরিত্রের আলোকে বিচার করো।

---